রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৬, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ০৯ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ/২৪ সেপ্টেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০৪.১৯.২৬৩—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'দেশে জঙ্গিবাদের অর্থের উৎস অনুসন্ধান কার্যক্রম আরও জোরদারকরণ এবং এ কার্যক্রম অধিকতর সমন্বয়ের লক্ষ্যে টাস্কফোর্স'** নিম্নরূপে গঠন করেছে :

(ক) **টাস্কফোর্সের গঠন :**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | : | সভাপতি |
| (২) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | : | সদস্য |
| (৩) | মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | : | সদস্য |
| (৪) | প্রতিমন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |
| (৫) | গভর্নর, বাংলাদেশ ব্যাংক | : | সদস্য |
| (৬) | সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | : | সদস্য |
| (৭) | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | : | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| (৮) | সচিব, জননিরাপত্তা বিভাগ | : | সদস্য |
| (৯) | সচিব, সুরক্ষা সেবা বিভাগ | : | সদস্য |
| (১০) | সচিব, আইন ও বিচার বিভাগ | : | সদস্য |
| (১১) | পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ | : | সদস্য |
| (১২) | মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই) | : | সদস্য |
| (১৩) | মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) | : | সদস্য |
| (১৪) | মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর (এনএসআই) | : | সদস্য |
| (১৫) | মহাপরিচালক, আনসার ও ভিডিপি | : | সদস্য |
| (১৬) | মহাপরিচালক, র‌্যাপিড একশন ব্যাটেলিয়ন (র‌্যাব) | : | সদস্য |
| (১৭) | অতিঃপুলিশ মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ (এসবি) | : | সদস্য |
| (১৮) | কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ | : | সদস্য |
| (১৯) | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন | : | সদস্য |
| (২০) | হেড অব বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ), বাংলাদেশ ব্যাংক | : | সদস্য |
| (২১) | পরিচালক, জাতীয় টেলিযোগাযোগ মনিটরিং সেল | : | সদস্য |
| (২২) | অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি), জননিরাপত্তা বিভাগ | : | সদস্য-সচিব |

এ টাস্কফোর্সে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) **টাস্কফোর্স-এর কার্যপরিধি :**

১। দেশে জঙ্গিবাদের অর্থের উৎস অনুসন্ধান কার্যক্রম আরও জোরদারকরণ এবং এ কার্যক্রম অধিকতর সমন্বয়ের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

২। জঙ্গিবাদের অর্থের উৎস/যোগানদাতার বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের সুপারিশ প্রণয়ন;

৩। জঙ্গি তৎপরতা রোধে নিবিড় গোয়েন্দা নজরদারি জোরদারকরণ;

৪। জঙ্গিবাদ ও সামাজিক বিশৃঙ্খলা সৃষ্টির লক্ষ্যে পরিচালিত যে কোনো ধরনের অপতৎপরতা দমনে আইনানুগ কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষকে অবহিতকরণ; এবং

৫। সংশ্লিষ্ট বিষয়ে তথ্য/উপাত্ত সংগ্রহ, বিশ্লেষণ, পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(গ) টাস্কফোর্স প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ঘ) টাস্কফোর্সের সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

বেবী পারভীন
উপসচিব
ফোন: ৯৫১১০৮১
email: ca_sec@cabinet.gov.bd

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd